গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
(অফিস অফ দি জাস্টিস অফ দি পিস)
রাঙ্গামাটি পার্বত্য জেলা।
e-mail : cjmrangamati@gmail.com

আদেশ নং-৬৬

তারিখ ঃ ১৪/০৯/২০২০ খ্রি.

"অফিস আদেশ"

গ্রেপ্তারকৃত যে কোন ব্যক্তিকে তার গ্রেপ্তারের সময় থেকে চব্বিশ ঘন্টার মধ্যে নিকটতম ম্যাজিস্ট্রেটের সম্মুখে হাজির করতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩৩ নং অনুচ্ছেদ এবং The Code of Criminal Procedure, 1898 এর ৬১ নং ধারার বিধান মোতাবেক সংশ্লিষ্ট গ্রেপ্তারকারী পুলিশ বা অন্য যে কোন কর্তৃপক্ষ আইনগতভাবে বাধ্য। এ ক্ষেত্রে কেবল গ্রেপ্তারের স্থান হতে ম্যাজিস্ট্রেটের আদালতে আনয়নের জন্য প্রয়োজনীয় সময় বাদ দেওয়ার আইনগত অনুমোদন রয়েছে।

এ কার্যালয় লক্ষ্য করছে যে, অধিকাংশ ক্ষেত্রেই গ্রেপ্তারকৃত ব্যক্তিকে ম্যাজিস্ট্রেট আদালতে প্রেরণ করার চালানপত্রে তার গ্রেপ্তারের স্থান এবং সময় উল্লেখ করা হচ্ছে না। এতে আইনে উল্লেখিত চব্বিশ ঘন্টার হিসাব নির্ণয়ে বিভ্রান্তির অবকাশ যেমন রয়েছে, তেমনি সংবিধান ও The Code of Criminal Procedure, 1898 এ প্রদত্ত দায়িত্ব পালনে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। এতে গ্রেফতারকৃত ব্যক্তির অনুকূলে সংবিধান প্রদত্ত মৌলিক অধিকার লংঘনের পথ উন্মুক্ত করছে। কোন গ্রেপ্তারকৃত ব্যক্তিকে গ্রেপ্তারের চব্বিশ ঘন্টার মধ্যে নিকটতম ম্যাজিস্ট্রেট আদালতে উপস্থাপন না করার কোন সুযোগ নেই এবং এ ক্ষেত্রে কোন কর্তৃপক্ষীয় অফিস আদেশ (যদি থাকে) কিংবা বিধির (যদি থাকে) অযুহাত নেওয়ারও অবকাশ নেই। কেননা তাতে সংবিধান ও সার্বভৌম সংসদ কর্তৃক প্রনীত আইনের লংঘন ঘটবে।

রাঙ্গামাটি জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের অধিক্ষেত্রাধীন কোন স্থান থেকে গ্রেপ্তারকৃত যে কোন ব্যক্তির বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের উপরোক্ত অনুচ্ছেদ এবং The Code of Criminal Procedure, 1898 এর উপরোক্ত ধারা অমান্য করা হলে উক্ত অমান্যকারী পুলিশ কিংবা অন্য যে কোন আইন প্রয়োগকারী সংস্থার যে কোন কর্মকর্তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে স্মরণ করানো যাচ্ছে এবং সংশ্লিষ্ট সকলকে উক্ত সাংবিধানিক ও আইনগত বাধ্যবাধকতা মেনে চলার আদেশ প্রদান করা হচ্ছে। অন্যথায় এ আদেশ লংঘনকারীর বিরুদ্ধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩৩ নং অনুচ্ছেদ এবং The Code of Criminal Procedure, 1898 এর ৬১ নং ধারার বিধান প্রতিপালনে প্রতিবন্ধকতা সৃষ্টির অভিযোগে এবং জেলার জাস্টিস অফ দি পিস এর আদেশ অমান্যের অভিযোগে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আইন প্রয়োগ ও বৈচারিক প্রক্রিয়াগত শৃংখলা অক্ষুন্ন রাখার উদ্দেশ্যে জনস্বার্থে The Code of Criminal Procedure, 1898 এর ২৫ ধারার অনুবলে জাস্টিস অফ পিস (Justice of the Peace) এর কর্তৃত্ব বলে রাঙ্গামাটি জেলার সর্বত্র এই আদেশ জারী করা হল।

স্বাঃ/-
(এ.এন.এম. মোরশেদ খান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও
জাস্টিস অব দি পিস
রাঙ্গামাটি পার্বত্য জেলা
☎০৩৫১-৬৪০০০,৬২০৩৫

স্মারক নং ঃ সি.জে.এম (প্রশা)/২০২০-১৬৫

তারিখ ঃ ১৪/০৯/২০২০ খ্রিঃ।

অনুলিপি ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। বিজ্ঞ জেলা ও দায়রা জজ, রাঙ্গামাটি পার্বত্য জেলা। } সদয় আতার্থে
৩। বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, (সকল) রাঙ্গামাটি পার্বত্য জেলা। } আতার্থে ও কার্যার্থে
৫। বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, (সকল) রাঙ্গামাটি পার্বত্য জেলা।

অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ফুলবাড়িয়া ঢাকা-১০০০।
২। সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। মহা-পরিচালক, বর্ডার গার্ড, বাংলাদেশ।
৪। প্রধান বন সংরক্ষক, বন ভবন আগারগাঁও, ঢাকা।
৫। মহা-পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১ সেগুন বাগিচা, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সেক্টর কমান্ডার, বর্ডার গার্ড বাংলাদেশ, রাঙ্গামাটি সেক্টর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। বন সংরক্ষক, রাঙ্গামাটি অঞ্চল, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। উপ পরিচালক, দুর্নীতি দমন কমিশন, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭। বিভাগীয় বন কর্মকর্তা (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল) রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৯। অফিসার-ইন-চার্জ,.....(সকল থানা), রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০। কোর্ট পুলিশ পরিদর্শক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১। সভাপতি/সম্পাদক, রাঙ্গামাটি জেলা আইনজীবী সমিতি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১২। অফিস কপি।

} নিজ কার্যালয় এবং কার্যালয়ের সম্পর্কযুক্ত দপ্তরের নোটিশ বোর্ডে প্রচারের এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবগত করনের অনুরোধসহ।

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও
জাস্টিস অব দি পিস
রাঙ্গামাটি পার্বত্য জেলা